রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৪৪-আইন/২০২৩।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) “পদ” অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(চ) “বিভাগীয় প্রার্থী” অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমীর রাজস্ব খাতে সৃষ্ট কোনো পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত এইরূপ কোনো কর্মচারী, যাহার বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা রহিয়াছে এবং সরকারি চাকরিতে প্রথম নিয়োগের সময় তাহার বয়স সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে ছিল;



**মূল্য :** টাকা ২৪.০০

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) "সিজিপিএ" বা "জিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে :

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি —

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি —

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশির স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি, পদোন্নতি বা প্রেষণে নিয়োগের জন্য সংরক্ষিত কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধি, ২০১২, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | রেক্টর | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সচিব অথবা অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ২। | মেম্বার ডাইরেক্টিং স্টাফ | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের অতিরিক্ত সচিব অথবা যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ৩। | পরিচালক | - | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>উপ-পরিচালক বা সিনিয়র লাইব্রেরীয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে মোট ১৫ (পনেরো) বৎসরের চাকরি।<br>প্রেষণের ক্ষেত্রে :<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ৪। | উপ-পরিচালক | - | মোট পদের শতকরা—<br>(ক) ১৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮৩ ভাগ পদ প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>সহকারী পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>প্রেষণের ক্ষেত্রে :<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র সহকারী সচিব বা সিনিয়র সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| **৫।** | **প্রোগ্রামার** | **সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।** | | |
| ৬। | সিনিয়র লাইব্রেরীয়ান | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>গ্রন্থাগারিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো বৃহৎ গ্রন্থাগারে ৯ম গ্রেডের পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৭। | রেক্টরের একান্ত সচিব | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র সহকারী সচিব, সিনিয়র সহকারী কমিশনার, সহকারী সচিব বা সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |
| ৮। | সহকারী পরিচালক | - | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>প্রেষণের ক্ষেত্রে :<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব বা সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |
| ৯। | গবেষণা অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব বা সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১০। | প্রকাশনা অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব বা সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |
| ১১। | মেডিকেল অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন পদমর্যাদার কর্মকর্তা। |
| ১২। | গ্রন্থাগারিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> : সহকারী গ্রন্থাগারিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | প্রেষণে বদলির মাধ্যমে। | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ে কর্মরত সমবেতনস্কেল এবং সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তা। |
| ১৪। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৮০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> : কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসর বা সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসর অথবা ডাটা এন্ট্রি অপারেটর বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অফিস সুপারভাইজার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>কেয়ারটেকার, উচ্চমান সহকারী বা স্টোর কিপার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৬। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৭। | সহকারী গ্রন্থাগারিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>ক্যাটালগার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৮। | সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৯। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২০। | অডিও/ভিডিও অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে যন্ত্র, তড়িৎ, ইলেকট্রনিক্স বা ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২১। | ফার্মাসিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসী বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২২। | ক্যাটালগার | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>গ্রন্থাগার সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৩। | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | কেয়ারটেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-এ দক্ষতা। |
| ২৫। | স্টোর কিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-এ দক্ষতা |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৬। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা প্রশিক্ষণ সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-এ দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাবরক্ষণ সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৯। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদি ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩০। | ইমাম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ফাজিল ডিগ্রি; এবং<br>(খ) পবিত্র কোরআনে হাফেজগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩১। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩২। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা অথবা ভারী (প্রযোজ্য ক্ষেত্রে) যানবাহন চালনায় বৈধ লাইসেন্স; এবং<br>(খ) গাড়ী চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | মোট পদের শতকরা-<br>(ক) ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) দপ্তরী পদে অন্যূন ৭ (সাত) বৎসর বা দপ্তরী ও ফটোকপি অপারেটর পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | (গ) অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসর বা অফিস সহায়ক ও দপ্তরী পদে সম্মিলিতভাবে অন্যূন ১০ (দশ) বৎসর বা অফিস সহায়ক, দপ্তরী ও ফটোকপি অপারেটর পদে সম্মিলিতভাবে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(ঘ) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঙ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | গ্রন্থাগার সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(গ) কোনো স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৩৫। | হিসাবরক্ষণ সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বা বিজনেস স্টাডিজ বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৩৬। | প্লাম্বার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাস; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৩৭। | প্রশিক্ষণ সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৩৮। | অভ্যর্থনাকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-এ দক্ষতা; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৩৯। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; অথবা<br>(খ) অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(গ) ফটোকপি মেশিন পরিচালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) মোটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্সসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১। | বাবুর্চি | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>সহকারী বাবুর্চি পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাশ; এবং<br>(খ) কোনো খ্যাতনামা সংস্থা বা হোটেল অথবা কোনো বেসরকারি প্রতিষ্ঠান বা রেঁস্তোরায় রান্নার কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪২। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪৩। | বিনোদন কক্ষ এ্যাটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) টেলিভিশন, ভিডিও ক্যামেরা, প্রজেক্টর, স্লাইড প্রজেক্টর চালনায় ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪৪। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | সহকারী বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাস; এবং<br>(খ) কোনো খ্যাতনামা সংস্থা বা হোটেল অথবা কোনো বেসরকারি প্রতিষ্ঠান বা রেঁস্তোরায় রান্নার কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৪৬। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | ক্লাশ এ্যাটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) প্রজেক্টর ও স্লাইড প্রজেক্টর চালানোর অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪৮। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাশ; এবং<br>(খ) বাগান রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার কাজের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪৯। | পরিচ্ছন্নতাকর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাশ :<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ হরিজন সম্প্রদায়ের জন্য বরাদ্দ থাকিবে, তবে হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |
| ৫০। | পরিবহন সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) অটোমোবাইল ওয়ার্কশপে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫১। | খেলাধুলা এ্যাটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ক্রীড়া ক্ষেত্রে অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৫২। | ডাইনিং বয় | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো হোটেল বা ক্যাফেটেরিয়ায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

তফসিল-২

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা | বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত | বাংলা | ৭৫ | ৫০% | ৩ ঘণ্টা |
| | | ইংরেজি | ৭৫ | | |
| | | গণিত | ২৫ | | |
| | | সাধারণ জ্ঞান | ২৫ | | |
| ২। | মৌখিক | - | ২৫ | - | - |
| সর্বমোট নম্বর = ২২৫ | | | | | |

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

(২) কম্পিউটারে Word Processing এর অভিজ্ঞতা থাকিতে হইবে।

তফসিল-৩
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা | বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত | বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজি | ২০ | | |
| | | গণিত | ১৫ | | |
| | | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| ২। | মৌখিক | - | ৩০ | - | - |
| সর্বমোট নম্বর = ১০০ | | | | | |

ব্যাখ্যা : ১। নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা :—

(ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ; এবং

(খ) সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তফসিল-৪ এ বর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ।

২। কম্পিউটারে Word Processing ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনার দক্ষতা/ অভিজ্ঞতা থাকিতে হইবে।

তফসিল-৪
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

সাঁট লিপিকার-কাম-কম্প্টিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সাঁটলিপি গতি | | | | | | | | | |
| ১। | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কম্পিউটার মুদ্রাক্ষর গতি | | | | | | | | | |
| ৩। | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ৪। | উচ্চমান সহকারী | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ৫। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ৬। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা।— (১) সাঁটলিপি প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য করা হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য করা হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

তফসিল-৫

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

ফটোকপি অপারেটর ও ডেসপাচ রাইডার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা | বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত | বাংলা | ২০ | ৫০% | ১ ঘণ্টা |
| | | ইংরেজি | ২০ | | |
| | | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| | | সাধারণ জ্ঞান | ১০ | | |
| ২। | মৌখিক | - | ৩০ | - | - |
| সর্বমোট নম্বর = ১০০ | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**

সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd